





আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন  
জেলা: বান্দরবান

	
	
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>	
	
তারিখ: (১৭ মে, ২০২০) বুলেটিন নং ১৪৬	১৭ মে হতে ২১ মে, ২০২০ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ১৩ মে হতে ১৭ মে, ২০২০ তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	১৩ মে	১৪ মে	১৫ মে	১৬ মে	সীমা
বৃষ্টিপাত (মি.মি)	০.০	০.০	০.০	০.০	০.০-০.০ (০.০)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৪.০	৩৩.৫	৩৪.০	৩৪.৩	৩৩.৫-৩৪.৩
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৬.৫	২৭.০	২৬.৫	২৬.৬	২৬.৫-২৭.০
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৫৭.০-৯৫.০	৫৭.০-৮৯.০	৬৪.০-৮৮.০	৫৬.০-৯২.০	৫৬-৯৫
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৩.৭	১১.১	৫.৬	৫.৬	৩.৭-১১.১
মেঘের পরিমাণ (অঙ্ক)	৪	৩	৫	৫	৩-৫
বাতাসের দিক	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ০৫ দিনের আবহাওয়া পূর্বাভাস  
(১৭ মে হতে ২১ মে, ২০২০) তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	সীমা
বৃষ্টিপাত (মিমি)	০.০-২৫.১ (৫৯.১)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৯.০-৩৭.১
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২২.১-২৬.১
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৪২.০-৯৪.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	২.৯-৯.২
মেঘের অবস্থা	আংশিক মেঘাচ্ছন্ন
বাতাসের দিক	দক্ষিণ /দক্ষিণ-পূর্ব

## করোনা ভাইরাস (কভিড-১৯) সংক্রমণের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় কমপক্ষে ১ মিটার (৩ ফুট) দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং সাবান ও পানি দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে হাত ধোঁত করুন। প্রয়োজনে এলকোহল যুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা যেতে পারে। তাছাড়া করোনা ভাইরাস সংক্রমণ রোধ করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দিকনির্দেশনা মেনে চলুন।

### কৃষি আবহাওয়া পরামর্শ:

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি ঘনীভূত হয়ে (উত্তর অক্ষাংশ ১১.৫ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশ ৮৬.১ ডিগ্রী) দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এটি আরও অগ্রসর ও ঘনীভূত হয়ে (১৬ মে সকাল ০৯ টায়) ঘূর্ণীঝড় 'আম্পান' এ পরিণত হয়ে একই এলাকায় অবস্থান করছে। এটি আজ সকাল ০৬ টায় (১৭ মে ২০২০) একই এলাকায় অবস্থান করছে। এটি আরও ঘনীভূত হয়ে উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে। পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় জেলার অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশ সহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টার শেষের দিকে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে। আগামী ০৫ দিন ভারী বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা আছে। বিস্তারিত কৃষি আবহাওয়া পরামর্শ নীচে দেওয়া হলো।

### সম্ভাব্য দুর্যোগপূর্ণ আবহাওয়ার প্রেক্ষিতে বিশেষ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ:

বোরো ধান ৮০% পরিপক্ক হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে ফেলুন।

২। সংগ্রহ করা ফসল পরিবহন না করা গেলে মাঠে গাদা করে পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন যেন ঝোড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।

৩। দ্রুত পরিপক্ক সবজি ও ফল সংগ্রহ করে ফেলুন।

৪। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।

৫। দণ্ডায়মান ফসলকে পানির স্রোত থেকে রক্ষার জন্য বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।

৬। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।

৭। খামারজাত সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।

৮। আখের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।

৯। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।

১০। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।

১১। মৎস্যজীবীদের সমুদ্রগমন থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হলো।